

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৫৬

কাঞ্চনপুর, ২২, জানুয়ারি, ২০২৪

কাঞ্চনপুর মহকুমাভিত্তিক ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন

কাঞ্চনপুর মহকুমা প্রশাসন এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের মৌখিক উদ্যোগে গতকাল কাঞ্চনপুর টাউনহলে মহকুমাভিত্তিক পূর্ণরাজ্য দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন এমডিসি শৈলেন্দ্র নাথ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক প্রদীপ কে, তথ্য ও সংস্কৃতি দপ্তরের বরিষ্ঠ তথ্য আধিকারিক বিদ্যা মোহন জমাতিয়া। অনুষ্ঠানে উদ্বোধনী সংগীত পরিবেশন করেন কাঞ্চনপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা। অনুষ্ঠানে ত্রিপুরা পূর্ণরাজ্য দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন এমডিসি শৈলেন্দ্র নাথ, মহকুমা শাসক প্রদীপ কে। অনুষ্ঠানে কাঞ্চনপুর মহকুমা এলাকার সাংস্কৃতিক সংস্থা এবং বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। পূর্ণরাজ্য দিবস উদযাপন উপলক্ষে গতকাল কাঞ্চনপুরে এক ম্যারাথন র্যালীও অনুষ্ঠিত হয়।
